গাংনীতে কোল্ড ইঞ্জুরীতে বোরো বীজতলা,চিন্তিত কৃষক

মেহেরপুর জেলার উপর দিয়ে গেল দুসপ্তাহে বয়ে যাওয়া শৈত্য প্রবাহ ও কনকনে শীতে বোরো ধানের বীজতলায় দেখা দিয়েছে কোল্ড ইনজুরি। বীজতলার ধানচারা হলুদ হয়ে যাচ্ছে। আবার কোথাও কোথাও চারা কুঁকড়িয়ে পচন ধরে অঙ্কুরিত ধানের চারা নষ্ট হয়ে যাচ্ছে। ছত্রাকনাশক প্রয়োগ করেও কোন লাভ হচ্ছেনা। বোরো বীজতলা নষ্ট হওয়ায় সময় মত ধানের চারা জমিতে রোপন করতে পারবেন না বলে দুশ্চিন্তায় পড়েছেন জেলার অনেক কৃষক। বীজতলা রক্ষায় কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ দেয়া হচ্ছে বলে জানিয়েছেন কৃষি বিভাগ।

গাংনী উপজেলা কৃষি অফিস সুত্রে জানা গেছে, চলতি মৌসুমে উপজেলায় ৩৮০.২৫ হেক্টর জমিতে বীজতলা রয়েছে। এর মধ্যে ৩৪৬.২৫ হেক্টর উফসি ও ৩৪ হেক্টর হাইব্রীড। আর বোরো চাষের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৭ হাজার ৪৩০ হেক্টর। এ লক্ষ্যে ৮৫০ জন কৃষককে হাইব্রীড ও ২৪০০ জনকে ঊফসি জাতের বীজ প্রণোদনা দেয়া হয়। সেই সাথে বীজতলা রক্ষায় দেয়া হয়েছে প্রয়োজনীয় পরামর্শ।

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন মাঠ ঘুরে দেখা গেছে, হাড় কাপানো শীতে ও শৈত্য প্রবাহের কারণে অনেক বীজতলায় চারা গজায়নি। আবার কোথাও কোথায় বীজতলার চারা হলুদ রং ধারণ করেছে। আবার পঁচে গেছে। তবে কোন বীজতলায় পানি বা পলিথিন ব্যবহার দেখা যায় নি। কৃষি অফিস কোন তদারকি করছে না বলেও জানিয়েছেন তারা।

তেরাইল ভরাট এলাকার চাষিরা জানালেন, কয়েকদিনের তীব্র শৈত্যপ্রবাহে আর ঘন কুয়াশায় বীজতলার অনেকাংশ নষ্টের পথে। বীজতলায় দেখা দিয়েছে কোল্ড ইঞ্জুরী। চারাগুলো হলদে হয়ে গেছে। কোনো প্রকার ওষুধ ছিটিয়েও কোনো লাভ হচ্ছে না। কৃষি অফিসাররা আসেন না আবার পরামর্শ দেন না। বীজতলা নষ্ট হলে চারাবীজ সংকট দেখা দিবে। ব্যহত হবে লক্ষ্যমাত্র অর্জনে। হাড়াভাঙ্গার কৃষক শাহীন জানান, কৃষি অফিসের পরামর্শে সকালে নলকূপের পানি দেয়াসহ নানা চেষ্টা করেও বীজতলা রক্ষা করা যাচ্ছে না। চারা কিনে আবাদ করাও কঠিন হয়ে যাবে, কারণ অধিকাংশ কৃষকের একই অবস্থা। তাই বোরো আবাদ কীভাবে করব, সে চিন্তায় আছি।

রাইপুর ও ষোলটাকা ইউনিয়নের বেশ কয়েকজন চাষি জানান, কৃষি অফিসাররা এসে পানি রাখা ও পলিথিন ব্যবহারে পরামর্শ দিচ্ছেন। কিন্তু খরচ বেড়ে যাওয়ায় অনেকেই পলিথিন ব্যবহারে অনীহা প্রকাশ করেছেন। তাছাড়াও যেসব ছত্রাকনাশক ব্যবহারের পরামর্শ দেয়া হচ্ছে তাতে কোন কাজ হচ্ছে না শুধু অর্থ অপচয়। আরো কয়েকদিন কনকনে ঠাণ্ডা ও শৈত্য প্রবাহ থাকলে অধিকাংশ বীজতলা নষ্ট হয়ে যাবে বলেও জানান তারা।

গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন জানান, যে আবহওয়া বিরাজ করছে তাতে বড় ধরনের ক্ষতির আশঙ্কা থাকছে। চাষিদেরকে বীজতলা রক্ষায় প্রতি রাতে বীজতলায় পানি জমিয়ে সকালে তা ছেড়ে দিতে পরামর্শ দেয়া হচ্ছে। ঘনকুয়াশা থেকে রক্ষায় প্রতি রাতে পলিথিন দিয়ে বেড ঢেকে রাখতে ও ছত্রাক নাশক স্প্রে করারও পরামর্শ দেয়া হচ্ছে। তবে অন্যান্য ফসলেও তেমন কোন ক্ষতি হয়নি বলেও জানান এই কৃষি কর্মকর্তা।

সম্প্রীতি মেহেরপুর জেলায় দেশের দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৮.৪ ডিগ্রি সেলসিয়াস। এ তাপমাত্রায় অন্যান্য ফসলের তেমন ক্ষতি না হলেও বোরো বীজতলায় কোল্ড ইঞ্জুরি দেখা দিয়েছে।

গাংনীতে সাব-রেজিস্টার অফিসে মানববন্ধন ও কর্মবিরতী

মেহেরপুরের গাংনী সাব-রেজিস্টার অফিসের কর্মকর্তা ও দলিল লেখকবৃন্দ মানববন্ধন করেছে। সেই সাথে অনির্দিষ্ট কালীণ কর্মবিরতীর ঘোষণা দিয়েছেন তারা। চাপাইনবাবগঞ্জ শিবগঞ্জ উপজেলা সাব-রেজিস্টারকে ইউএনও কর্তৃক শারীরিকভাবে লাঞ্ছিত ও পরবর্তী হামলার প্রতিবাদে মানববন্ধন করেছেন।

আজ বুধবার দুপুর ১২টার দিকে এ মানব বন্ধন কর্মসূচী পালন করা হয়।

মানববন্ধনে নের্তৃত্বদানকারী সাব-রেজিস্টার মাহফুজ রানা বলেন, গত

১০ জানুয়ারী শিবগঞ্জ উপজেলা সাব-রেজিস্টার ইউসুফ আলীকে তার নিজ এজলাসে ঢুকে উপজেলা নির্বাহী অফিসার আবুল হায়াত তাকে শারীরিকভাবে লাঞ্ছিত করেন। পরবর্তী সময়ে ইউএনওর নির্দেশে ও উষ্কানীতে কতিপয় দুষ্কৃতিকারী সাব-রেজিস্টার ইউসুফ আলীর উপর হামলা করে।

এ ঘটনায় বাংলাদেশ রেজিস্ট্রেশন অ্যাসোসিয়েশন তীব্র নিন্দা জ্ঞাপন করেন। সেই সাথে ঘটনার সুষ্ঠু বিচার না হওয়া পর্যন্তও সকল জেলা রেজিস্টার ও সাব-রেজিস্টার অফিসে অনির্দিষ্ট কর্মবিরতীর ঘোষণা দেয়া হয়।

মানব বন্ধনে বক্তব্য রাখেন সাব রেজিস্টার অফিসের কর্মকর্তা ও দলিল লেখক সমিতির নের্তৃবৃন্দরা।

রাজনগরে সাবেক ইউপি সদস্য আরমান আলীর নিজ উদ্যোগে কম্বল বিতরন

মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামের উপজেলা আওয়ামীলীগের সদস্য ও সাবেক ইউপি সদস্য আরমান আলীর ব্যক্তিগত উদ্যোগে ৮শ শীতার্ত অসহায়দের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল ১০ টার সময় রাজনগর গ্রামে শীতার্ত অসহায়দের মাঝে কম্বল বিতরণ করা হয়। সাবেক ইউপি সদস্য আরমান আলী বারাদী ইউনিয়নের ১নং ওয়ার্ডে পরপর ৩ বার মেম্বর নিবার্চিত হন।

এ সময় ইউপি সদস্য আরমান আলী বলেন, প্রতিবছরের ন্যায় এবারও ৮শ দুঃখী মানুষের পাশে দাঁড়াতে পেরে নিজেকে গৌরবান্বিত মনে করছি। তিনি বলেন সমাজের বিত্তবানরা ভালো কাজে আমার মতো এগিয়ে আসতে পারেন।

তিনি আরো বলেন, সারা দেশের তীব্র শীতে অসহায় অনেক মানুষ কষ্ট করছে। শীতার্তদের শীতের হাত থেকে রক্ষা করতে আজ ৮ শত দরিদ্র-বৃদ্ধ, নারীদেরকে শীতের কম্বল বিতরণ করেছি। জাতির পিতার সোনার

বাংলা ও জননেত্রী শেখ হাসিনার দারিদ্র ও ক্ষুদামুক্ত বাংলাদেশ গড়তে হলে জনপ্রতিনিধিদের যার যার অবস্থান থেকে অসহায়দের পাশে দাড়াতে হবে। তাই সফল প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনকল্যাণমূলক কাজের অগ্রযাত্রাকে এগিয়ে নিতে স্থানীয় জনগণের পাশে রয়েছি। তিনি আরও বলেন, শীতার্তদের শীত বস্ত্র বিতরণ অব্যাহত থাকবে। বারাদি ইউনিয়নের বিভিন্ন স্থানে পর্যায়ক্রমে আরও শীতবস্ত্র বিতরণ করা হবে।

এ সময় নবগঠিত বারাদি ইউনিয়নের বর্শিবাড়িয়া, পটাপোকা, হাসনাবাদ, মোমিনপুর, কলাইডাঙ্গা বারাদি গ্রাম, পাটকেলপোতা, সিংহাটি, শিমুলতলা, দরবেশপুর, জুগিন্দা শেখপাড়া, কলোনী, রাজনগর গ্রামসহ প্রতিটি গ্রামের অসহায় শীতার্তদের মাঝে ৮ শত কম্বল বিতরন করেন ইউপি সদস্য আরমান আলী।

এ সময় উপস্থিত ছিলেন নবগঠিত বারাদী ইউনিয়ন ১ নং ওয়ার্ডের ইউ পি সদস্য খাকছার আলী, ২ নং ওয়ার্ডের শফি মীর, ৭ নং ওয়ার্ডের আনারুল, আওয়ামীলীগ নেতা কাউছার আলী, মিয়াসহ আওয়ামীলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

মেহেরপুরে জেলা আওয়ামী লীগের উদ্যোগে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন (জুমের মাধ্যমে)’র সভাপতিত্বে সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলামের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য দেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও সদর উপজেলা

পরিষদের চেয়ারম্যান এ্যাড. ইয়ারুল ইসলাম, সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আঃ মান্নান, আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান মতি, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ জামান, মেহেরপুর শহর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আক্কাচ আলী, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষনা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক সফিকুল ইসলাম, শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান মতিয়ার রহমান মতিন, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু বক্তব্য রাখেন।

মেহেরপুরের পুলিশ সুপার পিপিএম সেবা পদক পাওয়ায় ইউনিট কর্মকর্তাদের ফুলেল শুভেচ্ছা

রাষ্ট্রপতি পুলিশ পদক পিপিএম সেবা প্রাপ্তি পুলিশ সুপার মো: রাফিউল আলম ফুলেল শুভেচ্ছা জানান পুলিশের সকল ইউনিট কর্মকর্তারা।

মঙ্গলবার সকালে পুলিশ সুপার পুলিশ সপ্তাহ শেষে মেহেরপুরের কর্মস্থলে পৌছালে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন, মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল, ডিবির ওসি সাইফুল আলম, ট্রাফিক ইন্সপেক্টর শামিম ফেরদৌস উপস্থিত ছিলেন। পরে বিভিন্ন ইউনিটের প্রধানরা পৃথক পৃথক ফুলেল শুভেচ্ছা জানান।

প্রসঙ্গত, মেহেরপুর জেলার পুলিশ সুপার মো: রাফিউল আলম, পিপিএম-সেবা তাঁর অসামান্য কৃতিত্বের স্বীকৃতি স্বরূপ পুলিশ সপ্তাহ-২০২৩ এ রাষ্ট্রপতি পুলিশ পদক পিপিএম-সেবা পদকে ভূষিত হন। এছাড়াও

মেহেরপুর জেলা পুলিশ সমগ্র বাংলাদেশের পুলিশ ইউনিট সমূহের মধ্যে মেহেরপুর জেলা পুলিশ চোরাচালান মালামাল উদ্ধার অভিযানে ২য় স্থান অধিকার করে।

যতারপুর ইসলামিয়া দারুল উলূম মাদ্রাসায় হাফেজ ছাত্রদের পাগড়ী প্রদান

মুজিবনগরে যতারপুর ইসলামিয়া দারুল উলূম মাদ্রাসার উদ্যোগে ৩৩ তম ওয়াজ মাহফিল অনুষ্ঠিত হয়েছে এই ওয়াজ মাহফিলে অত্র মাদ্রাসার হেফজ বিভাগ থেকে সদ্য পাশ করা ১৭ জন হাফেজ ছাত্রকে দস্তরবন্দী বা পাগড়ী প্রদান করা হয়েছে।

মঙ্গলবার রাত সাড়ে ৯ টার সময় যতারপুর ইসলামিয়া দারুল উলূম মাদ্রাসার কর্তিপক্ষের আয়োজনে, মাদ্রাসার প্রাঙ্গনে আয়োজিত ওয়াজ মাহফিলে যতারপুর ইসলামিয়া দারুল উলূম মাদ্রাসার সভাপতি ও মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের (সাবেক) সাধারণ সম্পাদক এবং মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব আমাম হোসেন মিলু এবং ওয়াজ মাহফিলের প্রধান বক্তা মুফতি আবিদ আল আহসান ওয়াজ মাহফিলে উপস্হিত অসংখ্য মানুষের সামনে পাশ করা সকল হাফেজদের কে পাগড়ী পরিয়ে দেন এবং পকেট কোরআন শরিফ উপহার দেন। সেই সাথে তাদের লজিং মাষ্টার ও অভিভাবকদের কেও পবিত্র কোরআন শরিফ ও ইসলামী বই উপহার প্রদান করেন।

এ সময় উপস্হিত ছিলেন, অত্র মাদ্রাসার প্রিন্সিপাল খাদেমুল ইসলাম,মহাজনপুর ইউপির ১ নং ওয়ার্ড সদস্য জয়নাল আবেদিন,২নং ওয়ার্ড সদস্য নুরুল ইসলামসহ মাদ্রাসার ম্যানেজিং কমিটির সদস্য, শিক্ষকবৃন্দ।

গাংনীতে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে আইন সহায়তা কেন্দ্র ফাউন্ডেশনের উদ্যোগে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

গাংনী আইন সহায়তা ফাউন্ডেশনের সভাপতি রফিকুল ইসলাম পথিকের সভাপতিত্বে বক্তব্য রাখেন প্রবীণ রাজনীতিবিদ হারুন অর রশিদ, গোলাম মুহাম্মদ, মিজানুর রহমান, শফিউল ইসলাম স্বপন,আবু হোসেন প্রমুখ।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন অনুষ্ঠানের আলোচনা সভা সঞ্চালনা করেন উপজেলা আইন সহায়তা ফাউন্ডেশনে সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন।

মুজিবনগরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

১০ই জানুয়ারী ১৯৭২ সালের এই দিনে পাকিস্তানের সেই অন্ধকার প্রকোষ্ঠ থেকে মুক্তি পেয়ে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে পূর্ণতা পায় বাংলাদেশের স্বাধীনতা। পাকিস্তান থেকে লন্ডন, লন্ডন থেকে দিল্লি এবং দিল্লি থেকে স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন বঙ্গবন্ধুর এই যাত্রা ছিল অন্ধকার থেকে আলোর পথে যাত্রা।

সেই বিশেষ দিনটিকে স্মরণ করতে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ

মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে মঙ্গলবার সকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেট থেকে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার নেতৃত্বে একটি র্যালী বের হয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতির পাদদেশে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

পুষ্পস্তবক অর্পণ করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সম্পাদক নজরুল ইসলাম। দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রহমান বল্টু, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীব,সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন, যুব নেতা হাসানুজ্জামান লালটু,আব্দুর রাজ্জাক সহ বিভিন্ন ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদক সহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুরে কালের কণ্ঠর ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

কেক কাটা ও আলোচনা সভার মধ্যে দিয়ে মেহেরপুরে জাকজমকভাবে পালিত হলো কালের কণ্ঠ’র ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী।

মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে এ কর্মসূচী অনুষ্ঠিত হয়।

শুভ সংঘ জেলা শাখার সভাপতি প্রফেসর নুরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজে অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক, জেলা প্রেস ক্লাবের

সভাপতি তোজাম্মেল আযম, উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু, সিনিয়র সাংবাদিক রফিকুল আলম, নারী সাংবাদিক দিলরুবা খাতুন, গাংনী প্রেস ক্লাবের সভাপতি এম এ লিংকন।

সাংবাদিক মাহাবুব চান্দুর সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর শফিউল ইসলাম সরদার বলেন, কালের কণ্ঠ পত্রিকা জন্মলগ্ন থেকে শিক্ষাসহ নানা বিষয় নিয়ে গুরত্বপূর্ণ ভুমিকা পালন করে আসছে। কালের কণ্ঠ শুধু জাতীয়ভাবে নয়, জেলা পর্যায়ের অনেক গুরত্বপূর্ণ সংবাদ প্রকাশ করছে। কালের কণ্ঠর শুভ সংঘর ছেলে মেয়েরা বিভিন্ন সময় অসহায়, দরিদ্রদের জন্য আর্তমানবতার সেবায় কাজ করছে যেগুলো সমাজ উন্নয়ন ভুমিকা রাখছে।

অন্যান্য বক্তারা বলেন, শক্তিশালী গণমাধ্যমে হিসেবে কালের কণ্ঠ পাঠকদের মনে স্থান করে নিয়েছে। সাদাকে সাদা, কালোকে কালো বলা গণমাধ্যমের সংখ্যা আমাদের সামনে হারিয়ে গেলেও কালের কণ্ঠ সে অগ্রণী ভুমিকা পালন করে চলেছে।

পরে কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠান শেষ করা হয়। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা, শিক্ষক, সাংবাদিক, শুভ সংঘর সদস্যরা অংশ নেন।

হোটেল আটলান্টিকা কাণ্ডে আরো এক যুবক গ্রেফতার, এ নিয়ে গ্রেফতার ৭

মেহেরপুরে হোটেল আটলান্টিকা কাণ্ডে জড়িত অভিযোগে নিহাল আল মুকিত নামের এক যুবককে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ(ডিবি)।

গত রবিবার রাতে মেহেরপুর শহরের এশিয়া নেট মোড় থেকে তাকে গ্রেফতার করা হয়। আটক নিহাল আল মুকিত শহরের বড় বাজার এলাকার নজরুল ইসলামের ছেলে।

এ নিয়ে হোটেল আটলান্টিকা কাণ্ডে পুলিশ ৭জনকে আটক করলো। বাকিরা হলেন; কথিত সাংবাদিক নাজনিন খান প্রিয়া, হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন, হিজুলির ছন্দা খাতুন, হোটেল কর্মচারী হাসিবুল হক জয়, সাংবাদিক মিজানুর রহমান জনি।

ডিবি জানায়, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর ডিবির ওসি সাইফুল আলমের নেতৃত্বে এসআই আশরাফ সহ সঙ্গীফোর্স নিয়ে শহরের বড় বাজার এলাকার এশিয়া নেট মোড়ে অভিযান চালিয়ে নিহালকে গ্রেফতার করা হয়। নিহালের কাছে থেকে মেহেরপুর শহরের আলোচিত আটলান্টিক হোটেল কাণ্ডে তার একাধিক অশ্লীল ভিডিও পাওয়া গেছে এবং আলোচিত হোটেল আটলান্টিকাতে অসামাজিক কার্যকলাপের মিডিয়া হিসেবে কাজ করতো এবং নিজেও এসব কর্মকাণ্ডের সুবিধা নিতো।

ডিবি পুলিশ আরো জানায়, হোটেল আটলান্টিকা মামলার আসামি হাসিবুল হক জয়ের ১৬৪ ধারার জবানবন্দি অনুযায়ী তাকে গ্রেফতার করা হয় এবং নেহালের মোবাইলে অসংখ্য মেয়েদের সাথে শারীরিক মিলনের অনৈতিক ভিডিও ছবি পাওয়া গেছে।

উল্লেখ্য, ২২ নভেম্বর মউকের একটি চাঁদাবাজী মামলার আসামী হিসেবে হোটেল আটলান্টিকায় অসামাজিক কার্যকলাপের অন্যতম হোতো নাজনিন খান প্রিয়াকে আটক করে সদর থানা পুলিশ। পরে ওই মামলাটি ডিবিতে হস্তান্তর করা হলে ডিবি পুলিশ মামলার তদন্তকালে ৩০ নভেম্বর মেহেরপুরের ওয়াপদা সড়কে আটলান্টিকা কাণ্ডে জড়িত থাকার অভিযোগে হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন এবং সদর উপজেলার হিজুলী গ্রামের এনামুল হকের মেয়ে ছন্দা খাতুনকে গ্রেফতার করে। ছন্দা খাতুনকে ১৬৪ ধারায় জবাবনবন্দীতে হোটেল আটলান্টিকার অসামাজিক কার্যক্রমের বিবরণ তুলে ধরেন। তার জবানবন্দীতে উঠে আসে ভয়ংকর সব তথ্য। হোটেল মালিক মতিয়ার ও তার ছেলে মামুন স্থানীয় কিছু সাংবাদিকের সহায়তায় হোটেলে বিভিন্ন মেয়েদের ব্যবহার করে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের অন্তরঙ্গ মুহুর্তের ভিডিও ধারণ করে সেগুলো সাংবাদিকদের মাধ্যমে চাদাবাজি করে আসছিলেন।

ছন্দা খাতুনের জবানবন্দী নিয়ে মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশ হলে মেহেরপুরসহ আশেপাশের কয়েকটি জেলায় সংবাদটি তোলপাড় সৃষ্টি করে। যার রেশ এখনো চলমান। সংবাদে মেহেরপুরের চার সাংবাদিক ও এক আইনজীবীর কথা উঠে আছে। প্রকাশিত ওই সংবাদের চার সাংবাদিকে একজন এশিয়ান টেলিভিশনের সাংবাদিক মিজানুর রহমান জনিকেও ওই মামলায় শোন এ্যারেষ্ট দেখিয়েছে পুলিশ। আজ হোটেল আটলান্টিকা কাণ্ড মামলার